



## হামের পরিস্থিতি উদ্বেগজনক, একদিনে ১১ শিশুর মৃত্যু



সংগৃহীত ছবি

দেশে হামের উপসর্গে শিশুমৃত্যুর সংখ্যা আবারও বেড়েছে। গত ২৪ ঘণ্টায় আরও ১১ জন শিশুর মৃত্যু হয়েছে, একই সময়ে নতুন করে ১ হাজার ২৮৭ শিশু আক্রান্ত হয়েছে। শনিবার (২৫ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তর এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানায়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টার মধ্যে এসব মৃত্যুর ঘটনা ঘটে। বিভাগভিত্তিক হিসেবে চট্টগ্রামে সর্বোচ্চ ৫ জন শিশু মারা গেছে। ঢাকায় ৩ জন, সিলেটে ২ জন এবং রাজশাহীতে ১ জন শিশুর মৃত্যু হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে ২৫ এপ্রিল সকাল ৮টা পর্যন্ত দেশে সন্দেহভাজন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৩০ হাজার ৬০৭ জনে। এর মধ্যে নিশ্চিতভাবে হাম শনাক্ত হয়েছে ৪ হাজার ৪৬০ জনের।

একই সময়ে সন্দেহভাজন ও নিশ্চিত রোগী মিলিয়ে ২০ হাজার ৪৭৫ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। চিকিৎসা শেষে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৭ হাজার ৮১ জন।

প্রাদুর্ভাব শুরু হওয়ার পর থেকে এখন পর্যন্ত হামে আক্রান্ত হয়ে ৪২ জনের মৃত্যু হয়েছে। আর হামের উপসর্গে প্রাণ হারিয়েছেন মোট ২০৯ জন।